সমকাল

13 APR 2017
৬ ৪

# বিজিএমইএর বিশ্ববিদ্যালয় হবে চট্টগ্রামে

■ চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রামে ২০২৩ সালের মধ্যে ফ্যাশন ও টেকনোলজি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দিয়েছেন বিজিএমইএ ইনস্টিটিউট অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজি সিবিআইএফটি পরিচালনা পরিষদের সভাপতি নাছির উদ্দিন চৌধুরী।

গতকাল বুধবার ইনস্টিটিউটের চার বছর পূর্তি ও প্রথম ব্যাচের পাসিং আউট উপলক্ষে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান।

নাছির উদ্দিন চৌধুরী বলেন, প্রয়োজনীয় অবকাঠামো, দক্ষ শিক্ষক নিয়েই বিশ্ববিদ্যালয় চালু হবে। আগামী শনিবার অ্যাপারেল ম্যানুফ্যাকচার অ্যান্ড টেকনোলজি ও ফ্যাশন ডিজাইন অ্যান্ড টেকনোলজি কোর্সের ২৬ শিক্ষার্থীর পাসিং আউট অনুষ্ঠানে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সিবিআইএফটি থেকে গ্র্যাজুয়েশন সম্পন্ন করে বর্তমানে তারা চট্টগ্রামের সাতটি প্রতিষ্ঠানে ইন্টার্ন করছেন। এরই মধ্যে তাদের চাকরি নিশ্চিত হয়েছে। ৩৪ জন শিক্ষার্থী নিয়ে ২০১৩ সালে যাত্রা শুরু করে সিবিআইএফটি।

সংবাদ সম্মেলনে বিজিএমইএ এর সাবেক সহসভাপতি এরশাদ উল্লাহ, বর্তমান সহসভাপতি মোহাম্মদ ফেরদৌস, পরিচালক মোহাম্মদ সাইফ উল্লাহ মনসুর, পরিচালনা পরিষদের সদস্য হেলাল উদ্দিন চৌধুরী, সাবেক পরিচালক সৈয়দ নজরুল ইসলাম, এসএম চৌধুরী সেলিম, হাসানুজ্জামান চৌধুরী, ইনস্টিটিউটের অধ্যক্ষ ইঞ্জিনিয়ার মো. আবদুল মান্নান প্রমুখ উপস্থিত ছিলেন।